# বেসিক ব্যাংক পিএলসি.

**শতভাগ রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক**
**বগুড়া শাখা**
ভবানী শচীন ভবন, হরিদাসী মার্কেট, ১২০ বড়গোলা, বগুড়া।
অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২(৩) ধারা মতে

## নিলাম বিজ্ঞপ্তি

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ধারা ১২(৩) অনুযায়ী বেসিক ব্যাংক পিএলসি., বগুড়া শাখা, বগুড়ার ঋণ গ্রহীতা প্রতিষ্ঠান **মেসার্স কে.এ.টি মৎস্য হ্যাচারী,** স্বত্তাধিকারী-জনাব আলী ইস্কান্দার তালুকদার, মোকামঃ জামাদার পুকুর, শাজাহানপুর, বগুড়া এর নিকট ঋণের পাওনা টাকা অনাদায়ী থাকায় ৩০.১১.২০২৫ তারিখ পর্যন্ত সুদ সহ মোট পাওনা **৬১,৯১,৫১৬.৯৩ টাকা (একষট্টি লক্ষ একানব্বই হাজার পাঁচশত ষোল টাকা তিরানব্বই পয়সা মাত্র)** এবং অন্যান্য খরচসহ আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে দেন্দারের বন্ধককৃত নিম্ন তপশীল বর্নিত সম্পত্তি নিলামে বিক্রয়ের জন্য নিম্নবর্নিত শর্তসাপেক্ষে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে। ১) ঋণ গ্রহীতার নাম ও ঠিকানাঃ মেসার্স কে.এ.টি মৎস্য হ্যাচারী, স্বত্তাধিকারী-জনাব আলী ইস্কান্দার তালুকদার। ২) বন্ধকদাতার নাম ও ঠিকানাঃ (ক) আলী ইস্কান্দার তালুকদার, পিতা-মৃত খয়রাত আলী তালুকদার, ঠিকানা-প্রিন্স টাওয়ার ৪র্থ তলা, ফ্ল্যাট নং-৩সি, মালতী নগর, বগুড়া সদর, বগুড়া, (খ) আলী আতোয়ার তালুকদার (ফজু), পিতা-মৃত খয়রাত আলী তালুকদার ও (গ) মোছাঃ মুঞ্জুয়ারা তালুকদার, স্বামী-আলী আতোয়ার তালুকদার (ফজু), খ ও গ উভয়ের ঠিকানা-রিয়াজ কাজী লেন, সুত্রাপুর, বগুড়া সদর, বগুড়া।

**শর্তাবলী**

১. প্রত্যেক দরদাতাকে অত্র বিজ্ঞপ্তি সহকারে তাহাদের নিজস্ব প্যাডে অথবা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে তাহাদের নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে), টেন্ডার মূল্য অংকে ও কথায় এবং খামের উপর স্পষ্ট অক্ষরে "সম্পত্তি ক্রয়ের দরপত্র" লিখিয়া দাখিল করিতে হইবে।
২. দরপত্র **আগামী ০৫-০১-২০২৬ ইং** তারিখে অপরাহ্ন ৩.০০ ঘটিকার মধ্যে ব্যাংকে রক্ষিত নির্ধারিত দরপত্র বাক্সে সরাসরি কিংবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে জমা দিতে হইবে। উক্ত দিবসেই অপরাহ্ন ৩.৩০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে।
৩. প্রত্যেক দরদাতা উদ্ধৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ) লক্ষ টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ) লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/-(পঞ্চাশ) লক্ষ টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ) লক্ষ টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমান টাকা জামানত স্বরূপ যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে "বেসিক ব্যাংক পিএলসি." এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন।
৪. অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ) লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ) লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ) লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ) লক্ষ টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে ব্যাংক উক্ত জামানতের টাকা বাজেয়াপ্ত করিতে পারিবেন।
৫. দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক ভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে বা কম জামানত বা ক্রুটিপূর্ণ দরপত্র দাখিল করিলে তাহা সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।
৬. দরদাতাগণ তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবেনা।
৭. উপরে বর্ণিত ৩ ও ৪ নং শর্তের অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
৮. সফল দরদাতাকে উল্লেখিত তফসিল বর্ণিত সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ এবং উহার কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা পৌরসভা, ওয়াসা, পিডিবি, পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভুমিকর ইত্যাদি সহ যে কোন বিল বা পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকে বহন করিতে হইবে।
৯. কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার ব্যাংক সংরক্ষন করেন বটে।
১০. সম্পত্তি রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ ও অন্যান্য কর ক্রেতাকে বহন করিতে হবে।
১১. আইনের বিধানমতে ঋণের বিপরীতে দায়বদ্ধ সম্পত্তির দখল ক্রেতার অনুকূলে সমর্পণের ব্যবস্থা করা হইবে।
১২. নিলাম দরপত্রের সাথে নিলাম দরপত্র দাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
১৩. দরপত্র গৃহিত না হইলে জামানতের টাকা যথা সময়ে ফেরত প্রদান করা হইবে।
১৪. নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যাক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হওয়ার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করিতে পারিবেন।

**বন্ধকী সম্পত্তির তফসিল/বিবরণ**

ক. নিবন্ধিত বন্ধকী ০.৫২১৪ শতক অবিভক্ত ও অচিহ্নিত জমি সাথে ১৩৭০ (এক হাজার তিনশত সত্তর) বর্গফুট ফ্ল্যাট যাহা জেলা-বগুড়া, উপজেলা-বগুড়া সদর, সাব রেজিস্টি অফিস-বগুড়া সদর, মৌজা-মালতিনগর এলাকায় অবস্থিত জে.এল-১১৬, খতিয়ান নং-সি.এস-২৬৩ ও ২৭৫, এম.আর.আর খতিয়ান নং-৩৩৪ ও ৩৪৮, ডিপি খতিয়ান নং-৪৫, দাগ নং-সাবেক-১২ ও ১৩ এবং হাল দাগ নং-৯ যার মালিক জনাব আলী ইস্কান্দার তালুকদার (ঋণগ্রহীতা)।

খ. নিবন্ধিত বন্ধকী ১৬০ শতক জমি জেলা-বগুড়া, উপজেলা-শাজাহানপুর, সাব রেজিস্টি অফিস-শাজাহানপুর, মৌজা-খাদাস এর অধীন জে.এল-২২৭, খতিয়ান নং-সি.এস-৯, এম.আর.আর খতিয়ান-৩০২, ডিপি খতিয়ান-১৪৩৮, দাগ নং-সাবেক-৪১২ ও হাল-৮১০ যার মালিক মোঃ আলী আতোয়ার তালুকদার (ফজু) (ঋণগ্রহীতার ভাই) এবং মোছাঃ মুঞ্জুয়ারা তালুকদার (ঋণগ্রহীতার ভাবী)।

বগুড়া শাখার পক্ষে-**সহকারী মহাব্যবস্থাপক ও শাখা প্রধান**
মোবাইল নং-০১৭১৩-২৫৭৪৪৫

**সমকাল - ০৬-১২-২০২৫ ইং**

**করতোয়া - ০৬-১২-২০২৫ ইং**